

প্রেস রিলিজ

৩০ জুলাই ২০২৫

বাউবিতে “দল ব্যবস্থাপনা এবং কর্মস্থলে বিরোধ নিষ্পত্তির কার্যকারিতা” শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত




বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল আয়োজিত বাউবি উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম এর প্রত্যক্ষ নির্দেশনায় শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিকল্পে বিভিন্ন প্রশিক্ষণ কর্মশালা বাস্তবায়নের ধারাবাহিকতায় “দল ব্যবস্থাপনা এবং কর্মস্থলে বিরোধ নিষ্পত্তির কার্যকারিতা” শীর্ষক দিনব্যাপী এক প্রশিক্ষণ আজ ৩০ জুলাই ২০২৫ তারিখ বুধবার সকাল ৯:৩০ টায় গাজীপুরস্থ মূল ক্যাম্পাসের সেমিনার হলে অনুষ্ঠিত হয়। বাউবির প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস প্রধান অতিথি হিসেবে এ প্রশিক্ষণ প্রোগ্রামের উদ্বোধন করেন। উদ্বোধনী বক্তব্যে প্রো-উপাচার্য অধ্যাপক সাঈদ ফেরদৌস বলেন, “দল পরিচালনায় দক্ষতা এবং পেশাগত পরিবেশে বিরোধ নিষ্পত্তির সক্ষমতা একজন আধুনিক প্রশাসনিক কর্মকর্তার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ধরনের প্রশিক্ষণ শুধু কর্মপরিবেশকে আরও সহনশীল ও ফলপ্রসূ করে না, বরং বিশ্ববিদ্যালয়ের সার্বিক সেবার মানও বৃদ্ধি করে। তিনি আরো বলেন, এই কর্মশালা সহকর্মীদের মধ্যে সহযোগিতা বৃদ্ধি, কার্যকর যোগাযোগ স্থাপন এবং দ্বন্দ্ব নিরসনে প্রয়োজনীয় কৌশল ও দক্ষতা অর্জনে সহায়তা করবে।

প্রশিক্ষণ প্রোগ্রামের সভাপতি ও আইকিউএসি এর পরিচালক অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম রিসোর্স পার্সন হিসেবে “দ্বন্দ্ব বা বিরোধ নিরসন কৌশল, সহকর্মীদের সংঘাত চিহ্নিতকরণ, এর কারণ বিশ্লেষণ এবং শান্তিপূর্ণভাবে তা সমাধানের উপায় নিয়ে আলোচনা করেন। তাছাড়াও, মধ্যস্থতা ও আলোচনার মাধ্যমে কিভাবে বিরোধ নিষ্পত্তি করা যায়, সে বিষয়েও তিনি আলোকপাত করেন। এছাড়াও কার্যকর যোগাযোগ সহকর্মীদের মধ্যে ভুল বোঝাবুঝি ও সংঘাত কমাতে সাহায্য করে। কর্মশালায় তিনি সহকর্মীদের জন্য বিভিন্ন যোগাযোগ কৌশল ও পদ্ধতি বিষয়ে আলোচনা করেন।

প্রশিক্ষণ প্রোগ্রামে আইকিউএসি এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান রিসোর্স পার্সন হিসেবে দলীয় কাজের গুরুত্ব এবং দলবদ্ধভাবে কাজ করার উপকারিতা এবং একটি অফিসে সহকর্মীদের মধ্যে পারস্পরিক সহযোগিতা ও বোঝাপড়ার প্রয়োজনীয়তা নানা দিক নিয়ে আলোচনা করেন।

এ প্রশিক্ষণ প্রোগ্রামে সম্বলনা করেন আইকিউএসি এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ মামুনুর রশিদ। বিশ্ববিদ্যালয়ের স্কুল ও বিভাগের যুগ্ম-পরিচালক/সমমান ও উপ-পরিচালক/সমমান পদমর্যাদার ৪০ জন কর্মকর্তা এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।



মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)

বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা